



# বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)

সেচ ভবন, ৪র্থ তলা, ২২ মানিক মিয়া এভিনিউ, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

ফোন : ৯১১৭৮৬২, ৯১৩৬২৭৪, ৯১৩৬৪৯৫ ফ্যাক্স : ৮৮০-৯১২৭৫১৬, Email : birtanoffice@gmail.com Web: www.birtan.gov.bd

স্মারক নং-১২.০৯.০০০০.০০১.২২.০০১.১৯- ২৪০৬

তারিখ : ২৩.০৪.২০১৯ খ্রিঃ  
১০.০১.১৪২৬ বং


বিষয়: বারটান কর্তৃক পরিচালিত খাদ্যাভিত্তিক পুষ্টি প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের ভাতা ও প্রশিক্ষণ উপকরণাদির ব্যয় নির্ধারণ

সূত্র: (১) বারটান-এর স্মারক: ১২.০৯.০০০০.০০১.১৯.১২৭২, তারিখ: ১৪.০৩.২০১৯।  
(২) কৃষি মন্ত্রণালয়ের স্মারক: ১২.০০.০০০০.০৬৪.২৫.০০৩.১৬.১২৯, তারিখ: ০৯.০৪.২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, ০১ নম্বর সূত্রের বরাতে বারটান হতে প্রস্তাবকৃত পুষ্টি প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের ভাতা ও প্রশিক্ষণ উপকরণাদির ব্যয় নির্ধারণ বিষয়ে ০২ নম্বর সূত্রের বরাতে চাহিত বিষয়ে স্পষ্টীকরণের জন্য নিম্নোক্ত তথ্যাদি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- (১) বারটান হতে প্রেরণকৃত পত্রে প্রান্তিক পর্যায়ের জনগণ হিসেবে বস্তিবাসী, দলিত শ্রেণি, পথশিশু এবং কম আয়ের জনগণ হিসেবে গার্মেন্টস কর্মী ও বিদেশগামী কর্মীদের 'সারা দিনব্যাপী (ন্যূনতম ২ ঘন্টা)' প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে প্রশিক্ষণ ব্যয় নির্ধারণের জন্য অনুরোধ জানানো হয়। প্রকৃতপক্ষে প্রস্তাবিত জনগণ হিসেবে বস্তিবাসী, দলিত শ্রেণি, পথশিশুদেরকে সারাদিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা গেলেও গার্মেন্টস কর্তৃপক্ষ প্রশিক্ষণের নিমিত্ত তাদের কর্মীদের ৩-৪ ঘন্টার জন্য ছুটি অনুমোদন করেন। ফলে সারা দিনব্যাপী বলতে গার্মেন্টস কর্মী ব্যতীত অন্যান্যদের ক্ষেত্রে সারাদিনব্যাপী এবং গার্মেন্টস কর্মীদের ক্ষেত্রে ৩-৪ ঘন্টা (তবে ন্যূনতম ২ ঘন্টা) প্রশিক্ষণ প্রদান করা হবে; এবং
- (২) বারটান হতে প্রেরণকৃত পত্রের সংযুক্তি-৩ —এ পুষ্টি প্লেট প্রদানের প্রস্তাব করা হয়েছিল। উক্ত পুষ্টি প্লেট বাবদ ১৫০/- টাকা জনপ্রতি ব্যয় হবে মর্মে উল্লেখ করা হয়। উল্লেখ করা যেতে পারে যে, পুষ্টি প্লেট একটি অত্যন্ত কার্যকরী প্রশিক্ষণ উপকরণ; যা পারিবারিক পর্যায়ে সুসম খাদ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির ক্ষেত্রে অবদান রাখতে পারে। উক্ত পুষ্টি প্লেটটি ক্রয় এবং সুসম খাদ্য বিষয়ক তথ্যাদি সম্বলিত ছবি মুদ্রণ বাবদ (ভ্যাট ও আইটিসহ) আনুমানিক ১৫০/- টাকা (একশত পঞ্চাশ টাকা) ব্যয় হবে এবং প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষণার্থীদেরকে এই প্লেট প্রদান করা হবে।

০২। এমতাবস্থায়, উপরোল্লিখিত বর্ণনার আলোকে প্রস্তাবিত প্রশিক্ষণ ব্যয়ের হার নির্ধারণে সম্মতির নিমিত্ত প্রস্তাবটি অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

  
(আশ্রাফ উদ্দিন আহমেদ)  
নির্বাহী পরিচালক

সচিব  
কৃষি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
✓ (দৃ: আ: যুগ্মসচিব (গবেষণা))